

যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ১৮৬৭

১/ বিবিধ

আরবী

كان يحتجم على هامته وبين كتفيه، ويقول: من أهرق من هذه الدماء فلا يضره أن لا يتداوى بشيء لشيء ضعيف

أخرجه أبو داود (2 / 151) وابن ماجة (2 / 351) عن الوليد بن مسلم: حدثنا ابن ثوبان عن أبيه عن أبي كبشة الأنماري مرفوعا. وهذا إسناد حسن لولا ما فيه من الانقطاع، فإن ابن ثوبان هو عبد الرحمن بن ثابت ابن ثوبان العنسي الدمشقي. لم يذكروا لأبيه سماعا من أحد من الصحابة وقد ذكره ابن حبان في أتباع التابعين من "الثقات" (6 / 125) وكذا قال في "التقريب": "إنه ثقة من السادسة". يعني من الطبقة التي لم يثبت لهم لقاء أحد من الصحابة. كما صرح بذلك في المقدمة. وكأن المناوي لم يتنبه لهذه العلة، فحسن إسناده في "التيسير"، وقد كنت أوردته في "صحيح الجامع"، فلا أدري أكان ذلك عن وهم، أم لشاهد لا يحضرنى الآن، غير جملة: (بين كتفيه)، فلها شاهد مخرج في "الصحيحة" (908)

বাংলা

১৮৬৭। তিনি তার মাথা এবং তার দু'স্কন্ধের মাঝে শিংগা লাগাতেন এবং বলতেনঃ যে ব্যক্তি এ রক্তগুলো প্রবাহিত করবে সে অন্য কোন সমস্যার জন্য কোন ঔষধ ব্যবহার না করলেও (কিছুই) তার কোন ক্ষতি করতে পারবে না।

হাদীসটি দুর্বল।

এটিকে আবু দাউদ (২/১৫১) ও ইবনু মাজাহ (২/৩৫১) অলীদ ইবনু মুসলিম হতে, তিনি ইবনু সাওবান হতে, তিনি তার পিতা হতে, তিনি আবু কাবাশাহ আনমারী হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

সনদটি হাসান হিসেবে গণ্য হতো যদি এর মধ্যে বিচ্ছিন্নতা না থাকত। কারণ ইবনু সাওবান হচ্ছে আব্দুর রহমান ইবনু সাবেত ইবনু সাওবান আনাসী দেমাস্কী। মুহাদ্দিসগণ উল্লেখ করেননি যে, কোন সাহাবী হতে তার পিতার শ্রবণ সাব্যস্ত হয়েছে। ইবনু হিব্বান তাকে “আসসিকাত” গ্রন্থে (৬/১২৫) তাতে তাবেঈগণের মধ্যে উল্লেখ করেছেন। “আত-তাকরীব” গ্রন্থে ইবনু হাজার এরূপই বলেছেনঃ তিনি নির্ভরযোগ্য ষষ্ঠ স্তরে। অর্থাৎ যারা এ স্তরের তাদের সাহাবীগণের সাথে সাক্ষাৎ ঘটেনি, যেমনটি তিনি ভূমিকার মধ্যে সে সম্পর্কে স্পষ্ট করেছেন।

এ সমস্যা সম্পর্কে মানবী সতর্ক না হওয়ার কারণে “আততাইসীর” গ্রন্থে সনদটিকে হাসান আখ্যা দিয়েছেন। আমি (আলবানী) এটিকে "সহীহ জামেউস সাগীর" গ্রন্থে উল্লেখ করেছিলাম। জানি না সন্দেহের কারণে নাকি কোন শাহেদ থাকার কারণে? এ মুহুর্তে আমার স্মরণে আসছে না। তবে “তার দু’স্কন্ধের মাঝে” এ অংশটুকুর শাহেদ থাকার কারণে আমি এটাকে "সিলসিলাহ সহীহাহ" গ্রন্থে (৯০৮) উল্লেখ করেছি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72750>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন